

## ■■ পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ নবম অধ্যায় - হত্যা ও যুদ্ধ-জিহাদ রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আনুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

৯. ৪. ১৫. ৬. ঈশ্বরের জন্য কিছু কুমারীকে বরাদ্দ রাখতে হবে!

ঈশ্বর লুষ্ঠিত সম্পদের মধ্যে থেকে তাঁর খাজনা দাবি করেন: "এর পর মাবুদ মূসাকে বললেন… লুটের মাল সব কিছু দু'ভাগ করে … সেই সব সৈন্যদের ভাগে যত মানুষ, গরু, গাধা, ভেড়া ও ছাগল পড়বে তার প্রতি পাঁচশো থেকে একটা করে মাবুদের খাজনা হিসেবে আলাদা করে রাখতে হবে।" (শুমারী ৩১/২৫-২৮) "এগুলোর মধ্য থেকে মাবুদের পাওনা খাজনা হল ছ'শো পঁচাত্তরটা ভেড়া ও ছাগল, ছত্রিশ হাজার গরু, ত্রিশ হাজার পাঁচশো গাধা এবং বত্রিশ জন অবিবাহিতা সতী মেয়ে।" (শুমারী ৩১/৩৬-৪০)

আমরা জানি না, ঈশ্বর এ সকল প্রাণি ও কুমারী 'অবিবাহিতা সতী' মেয়েদের নিয়ে কী করেছিলেন? তবে বাইবেলের বিধান অনুসারে ঈশ্বরের প্রাপ্য প্রাণিগুলো 'কোরবানি' করে পুড়িয়ে ফেলা হয়। পোড়া মাংসের খোশবুতে ঈশ্বর প্রীত হন। তাহলে এ বিত্রশ জন কুমারী মেয়েকেও কি এভাবে 'পোড়ানো কোরবানি' করা হয়েছিল? তাদের পোড়া মাংস ও চর্বির খোশবুতে কি ঈশ্বর প্রীত হয়েছিলেন?

Source — https://www.hadithbd.com/books/link/?id=14565

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন